# পিআর পদ্ধতিতে নির্বাচন দাবিতে নবাবগঞ্জে জামায়াতের বিক্ষোভ



সংগৃহীত ছবি

ঢাকার নবাবগঞ্জে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে জামায়াতে ইসলামী। জুলাই সনদ বাস্তবায়ন ও সংস্কারের দাবি জানিয়ে বক্তারা বলেছেন, পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) ছাড়া কোনো নির্বাচন জনগণ মেনে নেবে না। ব্যারিস্টার নজরুল ইসলাম অভিযোগ করেন, বর্তমান সরকার আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে ব্যর্থ এবং রাতের ভোটের মতো অনিয়ম আর হতে দেওয়া হবে না।

আজ শুক্রবার (২৬ অক্টোবর) সকাল সাড়ে ৮টায় বাগমারা স্কুলের সামনে থেকে জামায়াতে ইসলামী নবাবগঞ্জ উপজেলা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি নবাবগঞ্জ গোলচত্বর প্রদক্ষিণ শেষে সেখানে সমাবেশে পরিণত হয়। সমাবেশে ১৪টি ইউনিয়নের নেতাকর্মীরা অংশ নেন। ব্যানার, ফেস্টুন ও দাড়িপাল্লা প্রতীকে শোভাযাত্রাটি ছিল বেশ বর্ণাঢ্য।

সমাবেশে সভাপতিত্ব করেন উপজেলা আমীর মো. ইব্রাহিম খলিল এবং সঞ্চালনা করেন সেক্রেটারি জেনারেল মাওলানা মোহাম্মদ আলী। প্রধান অতিথি ছিলেন ঢাকা-১ আসনের প্রার্থী ও ইসলামী ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ব্যারিস্টার নজরুল ইসলাম।

বক্তৃতায় ব্যারিস্টার নজরুল ইসলাম বলেন, "পিআর পদ্ধতি ছাড়া দেশে কোনো নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য হবে না। কালো টাকা ও দুর্নীতির প্রভাব ঠেকাতে এ ব্যবস্থা বাস্তবায়ন জরুরি। বর্তমান সরকার ছাত্রজনতার রক্তের ওপর ভর করে ক্ষমতায় বসেছে। তারা দেশ পরিচালনায় ব্যর্থ এবং আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণেও অদক্ষতা দেখিয়েছে।"

তিনি আরও বলেন, "আওয়ামী লীগ আবারও রাতের ভোটের স্বপ্ন দেখছে, কিন্তু জনগণ সেই সুযোগ দেবে না। সংস্কার ছাড়া কোনো নির্বাচন হবে না। দোহার-নবাবগঞ্জের মানুষ শান্তি ও টেকসই উন্নয়নের জন্য দাড়িপাল্লা প্রতীকে ভোট দেবে।"

চাঁদাবাজ ও দখলদারদের ভোট না দেওয়ার আহ্বান জানিয়ে নজরুল ইসলাম চ্যালেঞ্জ ছুড়ে দেন, "জামায়াত কারও বাড়ি, দোকান বা প্রতিষ্ঠান দখল করেছে—এমন প্রমাণ দেখাতে পারলে প্রকাশ্যে বিচার হবে।"

সমাবেশে আরও উপস্থিত ছিলেন ঢাকা জেলা সহকারী সেক্রেটারি জেনারেল এবিএম কামাল হোসাইন, দোহার উপজেলা সভাপতি ডা. শহিদুজ্জামান, সেক্রেটারি মাওলানা নুরে আলম ঝিলু, হাফেজ আব্দুল ওয়াহাব দোহারী প্রমুখ।